দৈনিক সংবাদ

তারিখ 17 NOV 1990
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

# আখাউড়ায় ৬০ জন প্রাথমিক শিক্ষককে অযোগ্য ঘোষণা

আখাউড়া, ১২ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।–আখাউড়া উপজেলায় ১৯৮৯ সনে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় হতাশাব্যঞ্জক ফলাফলের প্রেক্ষিতে ১৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৬০ জন শিক্ষককে শিক্ষা অধিদপ্তর থেকে অযোগ্য ঘোষণা করা হয়েছে।

১৯৮৯ সনের ডিসেম্বর মাসে অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় আখাউড়া উপজেলার ৩৩টি সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে মোট ২৫২ জন পরীক্ষার্থী অংশ নেয়। অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ৩টি সরকারী বিদ্যালয় থেকে ৪ জন টেলেন্টপুলে এবং ৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে ১০ জন সাধারণ বৃত্তিলাভ করে। উপজেলার মোট ৩৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২টি বিদ্যালয়ের কোন পরীক্ষার্থী ছিল না। পরীক্ষার ফলাফলে দেখা যায় ১৬টি বিদ্যালয়ের পরীক্ষার্থীরা ৩টি বিষয়ে গড়ে ৩৩% এর কম নম্বর পেয়েছে। এ প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নির্দেশ মোতাবেক উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগের দপ্তর থেকে আখাউড়া উপজেলা শিক্ষা অফিসার বরাবরে প্রেরিত চিঠিতে উল্লেখিত ১৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়সহ প্রাথমিক বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি এমন ২টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে অযোগ্য ঘোষণা এবং তাদের সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার কথা উল্লেখ করেছেন।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে প্রকাশ, উল্লেখিত ১৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৬০ জন শিক্ষকের ইনক্রিমেন্ট ও টাইমস্কেল ইতিমধ্যেই বন্ধ করে দেয়া হয়েছে।

40